

মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ১১২০

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند علي بن أبي طالب)

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبِي عَدِيٍّ، عَنْ ابْنِ عَوْنٍ، عَنِ الشَّعْبِيِّ قَالَ: "لَعَنَ مُحَمَّدٌ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَكَلَ الرِّبَا، وَمُوكِلَهُ وَكَاتِبَهُ وَشَاهِدَهُ، وَالْوَاشِمَةَ وَالْمُسْتَوْشِمَةَ" قَالَ ابْنُ عَوْنٍ: قُلْتُ: إِلَّا مِنْ دَاءٍ؟ قَالَ: نَعَمْ "وَالْحَالَ وَالْمُحَلَّلَ لَهُ، وَمَانِعَ الصَّدَقَةِ" وَقَالَ: "وَكَانَ يَنْهَى عَنِ النَّوْحِ" وَلَمْ يَقُلْ لَعَنَ، فَقُلْتُ: مَنْ حَدَّثَكَ؟ قَالَ الْحَارِثُ الْأَعْوَرُ الْهَمْدَانِيُّ

ইসনাদে ضعیف، لضعف الحارث الأعور، وظاهر هذا الحديث الإرسال، لكن تقدم برقم (980) أنه من حديث ثعبي، عن الحارث، عن علي، وباقي رجاله ثقات رجال الشيخين. ابنُ عون: هو عبد الله بن عون بن أربطبان، والشعبي: هو عامر بن شراحيل

বাংলা

১১২০। শা'বী বলেছেন, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সুদখোর, সুদদাতা, সুদ লেখক, সুদের সাক্ষী, উক্কী অংকনকারী ও উক্কী গ্রহণকারীকে অভিসম্পাত করেছেন। ইবনে আওন শা'বীকে জিজ্ঞাসা করলেন, রোগব্যাদির কারণে উক্কী বৈধ হবে তো? শা'বী বললেন, হাঁ। তারপর শা'বী বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো অভিসম্পাত করেছেন হারাম জিনিসকে নানা ছলছুতার মাধ্যমে হালালকারীকে, যার জন্য হালাল করা হয় তাকে, যে ব্যক্তি যাকাত দেয় না তাকে। আর তিনি মৃত ব্যক্তির উপর উচ্চস্বরে বিলাপ করতে নিষেধ করতেন। অভিসম্পাত করতে বলেননি। ইবনে আওন বলেন, আমি জিজ্ঞাসা করলাম, আপনার কাছে এ হাদীস কে বর্ণনা করেছে? তিনি বললেন, হারেছ আ'ওয়ার হামদানী।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67666>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন